



ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২

e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক

তারিখ: ০৬/০৩/২০২২

অফিস বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণির শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, নিম্নে বর্ণিত বিষয়গুলো তাদের জন্য অবশ্যই পালনীয় :

- (ক) কোন ক্লাসে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকা যাবে না;
 - (খ) প্রতি মাসে ৩ (তিন) দিন বিনা অনুমতিতে ক্লাসে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল করা হবে। পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ১(এক) বার ১ মাসের টিউশন ফি প্রদান করে পুনঃভর্তি হতে পারবে;
 - (গ) কোন কারণে ক্লাসে অনুপস্থিত হলে শিক্ষার্থীদেরকে স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যানের নিকট হতে অভিভাবকের স্বাক্ষরসহ আবেদন পত্র দিয়ে অনুমতি পত্র নিয়ে ক্লাসে প্রবেশ করতে হবে;
 - (ঘ) বিকেল ১:৫০ মিনিটের মধ্যে অবশ্যই কলেজে প্রবেশ করতে হবে। নির্দিষ্ট সময়ের পর কোন শিক্ষার্থীকে কলেজে প্রবেশ করতে দেয়া হবে না, যথাসময়ে কলেজে প্রবেশে ব্যর্থ শিক্ষার্থীরা দ্রুত বাড়ি ফিরে যাবে, কলেজের সামনে রাস্তায় অবস্থান করতে পারবে না;
 - (ঙ) শ্রেণি কার্যক্রম চলাকালীন শিক্ষার্থীরা কোনো ফ্লোর, করিডোর, বারান্দাসহ যত্রতত্র ঘুরাঘুরি করতে পারবে না ;
 - (চ) প্রত্যেক পরীক্ষায় অংশগ্রহণ ও পাস করা বাধ্যতামূলক;
 - (ছ) কলেজের অভ্যন্তরে মোবাইল ফোন বহন ও ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। শিক্ষা সামগ্রী ছাড়া অন্য কোন সামগ্রী যেমন: পেন ড্রাইভ, MP₃, CD, Camera ইত্যাদি কলেজে বহন ও ব্যবহার নিষিদ্ধ। এ ব্যাপারে যে কোন সময় অভিযান চালানো হবে;
 - (জ) শ্রেণিকক্ষে বরাদ্দকৃত সীটে আসন গ্রহণ করতে হবে। অন্য কারো সীটে বসা যাবে না;
 - (ঝ) ছাত্রীদের কলেজ প্রসপেক্টাসের নিয়মাবলী ও ছাত্রী কল্যাণে দায়িত্বরত শিক্ষিকাদের নির্দেশাবলী যথাযথভাবে মেনে চলতে হবে;
 - (ঞ) ছাত্রদের চুল, দাঁড়ি, চিপ, বেল্ট, জুতা, ইউনিফর্ম কলেজের নিয়ম অনুযায়ী ঠিক না থাকলে উক্ত শিক্ষার্থীকে কলেজে প্রবেশ করতে দেয়া হবে না;
 - (ট) কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে ক্লাস ক্যাপ্টেনগণ দায়িত্ব পালন করবে ও ক্লাসের শৃঙ্খলা বজায় রাখতে অন্যান্য শিক্ষার্থীরা ক্যাপ্টেনকে সহযোগিতা করবে;
 - (ঠ) কলেজ ইউনিফর্ম পরিহিত অবস্থায় ফেসবুক বা অন্য কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে কোন প্রকার আপত্তিকর ছবি আপলোড করা যাবে না;
 - (ড) বিজ্ঞান ল্যাব প্রবেশের সময় অবশ্যই Apron পরিধান করে আসতে হবে; প্রত্যেক শিক্ষার্থীকে উপরোক্ত নিয়মাবলী মেনে চলতে হবে অন্যথা সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সর্বোপরি যে কোনো সমস্যার ব্যাপারে স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যানের সাথে শিক্ষার্থীদের যোগাযোগ করতে হবে।


অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ